



বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

BCS General Education Association

শিক্ষাবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্লাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০ ই-মেইল: bcsgae1618@gmail.com

ওয়েবসাইট: www.bcsgea.org.bd ফোন: ০১৭২০১৬৫৫৫৬ (সভাপতি), ০১৮১৮০৮৪৩৫৪ (মহাসচিব)

স্মারক নম্বর: বিসিএসসশিস/২০২৩/৫৮

তারিখ: ৩১.১২.২০২৩ খ্রি:

বিষয়: জাতীয় বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭ কলেজে সরকার নির্ধারিত অবকাশ, সাপ্তাহিক ছুটি ও স্বীকৃত ছুটির দিনগুলোতে পরীক্ষা, ভর্তি, ফরমপূরণ কার্যক্রম বন্ধ করা প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানাচ্ছি যে, বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তাগণ সরকারের ঘোষণা অনুযায়ী অবকাশ বিভাগভুক্ত। অবকাশ বিভাগের কর্মকর্তা বিধায় শিক্ষা ক্যাডার কর্মকর্তাগণ অন্যান্য সরকারি কর্মকর্তাদের মত প্রতি ১১ দিনে ১ দিন গড় বেতনে অর্জিত ছুটি ভোগ করেন না। ফলে চাকুরিকালে সমমানের অন্য কর্মকর্তাদের চাইতে দশ থেকে পনের লক্ষ টাকা কম সুবিধা পান। বিনিময়ে শিক্ষা ক্যাডার কর্মকর্তাগণ সরকার নির্ধারিত শীতকালীন ও গ্রীষ্মকালীন অবকাশ ছুটি ভোগ করে থাকেন। কিন্তু বেশ কিছুদিন ধরে লক্ষ্য করা যাচ্ছে, সরকার নির্ধারিত অবকাশকালে, এমনকি সাপ্তাহিক ছুটির দিনে ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় পরীক্ষার দিন ধার্য করে রুটিন প্রণয়ন, ভর্তি, ফরমপূরণ কার্যক্রম চলমান রাখে। ফলে শিক্ষা ক্যাডার কর্মকর্তাগণ সরকার নির্ধারিত অবকাশসহ অন্যান্য বৈধ ছুটি ভোগ করা থেকে বঞ্চিত হন। এই বিষয়ে সরকারি কলেজসমূহে কর্মরত বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের ক্ষুব্ধতার প্রেক্ষিতে সমিতির কেন্দ্রীয় কমিটি অবকাশকালে এবং সাপ্তাহিক ছুটির দিনে এসকল কার্যক্রমে অংশগ্রহণ না করার সিদ্ধান্ত গ্রহণ করে। এবিষয়ে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি একাধিকবার ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করেছে। কিন্তু দুঃখের বিষয়, সমিতির অনুরোধকে পাশ কাটিয়ে কোন আলোচনা ছাড়াই ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহে অবকাশকালে এমনকি সাপ্তাহিক ছুটির দিনে পরীক্ষা, ভর্তি ও ফরমপূরণ কার্যক্রম চলমান রেখেছে। যা কোনভাবেই যৌক্তিক নয়। আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের এধরণের সিদ্ধান্তের প্রতিবাদ জানাচ্ছি।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত অনুসারে শিক্ষা ক্যাডার কর্মকর্তাগণ ২০২৪ সাল থেকে সরকার নির্ধারিত অবকাশ, সাপ্তাহিক ছুটি ও স্বীকৃত ছুটির দিনগুলোতে পরীক্ষা গ্রহণ, ভর্তি ও ফরমপূরণ কার্যক্রম পরিচালনায় অংশগ্রহণ করবে না মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পুনরায় লিখিতভাবে জানিয়ে দেয়া হয়েছে। ২০২৪ সাল থেকে পরীক্ষা, ভর্তি ও ফরমপূরণ সংক্রান্ত কার্যক্রমের সময়সূচি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ছুটির তালিকা বিবেচনা করতে অনুরোধ করা হয়েছে। সমিতির এই সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হলে সম্মানিত অধ্যক্ষবৃন্দসহ শিক্ষা ক্যাডারের সকল কর্মকর্তাকে দৃঢ় অবস্থান গ্রহণ করতে হবে। বিসিএস সাধারণ শিক্ষা সমিতি এই সিদ্ধান্ত বাস্তবায়নে সম্মানিত অধ্যক্ষ মহোদয়গণের সক্রিয় সহযোগিতা কামনা করছে।

জয়বাংলা

বাংলাদেশ চিরজীবী হোক।

(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)

সভাপতি

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

(মোঃ শওকত হোসেন মোল্যা)

মহাসচিব

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

প্রাপক

সম্মানিত অধ্যক্ষ, সকল সরকারি কলেজ।